দৈনিক খবর

তারিখ : [illegible]
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

13

# মেডিকেল কলেজগুলোকে আলাদা ভার্সিটির অধীনে নেয়ার চিন্তাভাবনা

।। আলতাফ মাহমুদ ।।

মেডিকেল কলেজগুলো একটি পৃথক বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার ব্যাপারে সরকারের উচ্চ মহলে চিন্তা-ভাবনা হচ্ছে। প্রাথমিক পর্যায়ে মেডিকেল কলেজগুলো হাসপাতাল প্রশাসন থেকে আলাদা করার ব্যবস্থা নেয়া হবে বলে সংশ্লিষ্ট একটি দায়িত্বশীল সূত্র জানিয়েছে।

সূত্রটি আরো জানিয়েছেন, চিকিৎসা ব্যবস্থা হাসপাতাল প্রশাসন থেকে আলাদা রাখা এবং মেডিকেল কলেজগুলো শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে নিয়ে চিকিৎসা শিক্ষার আরো বিকাশ সাধনের বিষয়ে রাষ্ট্রপতির সাথে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের বৈঠকে একাধিকবার আলোচিত হয়েছে। চিকিৎসা শিক্ষা অর্থাৎ মেডিকেল কলেজগুলো শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে নেয়ার ব্যাপারে পরবর্তীতে একটি সিদ্ধান্তও হয়। কিন্তু স্বাস্থ্য

২-এর পাতায় দেখুন

## মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

মন্ত্রণালয়ের বাধার কারণে বিষয়টি আর সামনের দিকে এগুতে পারেনি। গত বছরের ২রা জুলাই অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের বৈঠকে বিষয়গুলো মীমাংসার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠিত হয়। এরপর কমিটি গত বছরেরই ২৬শে নভেম্বর এক বৈঠকে বসে রাষ্ট্রপতির সাথে উপাচার্যদের বৈঠকের আলোচিত বিষয়ের উপর আলোচনা করেন।

সূত্রটি আরো জানান, কমিটির দ্বিতীয় বৈঠক অনুষ্ঠিত হয় গত ৯ই জুলাই সোমবার। দীর্ঘ ৯ মাসে বিষয়টি নিয়ে আর কোন উচ্চবাচ্য করেনি কমিটি। কমিটির দ্বিতীয় বৈঠকে বিভিন্ন মহলের সুপারিশ পর্যালোচনা করা হয়। এ বৈঠকে মেডিকেল কলেজসমূহের প্রধানসহ চিকিৎসা বিজ্ঞানে অভিজ্ঞ ব্যক্তিরা উপস্থিত ছিলেন। বৈঠকে মেডিকেল কলেজগুলোর জন্য একটি আলাদা বিশ্ববিদ্যালয় অথবা মেডিকেল কাউন্সিল গঠনের সুপারিশমালা তৈরী হয়। এ পর্যায়ে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে এ বিষয়ে এখনই সিদ্ধান্ত না নেয়ার অনুরোধ করা হয়। এ ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বক্তব্য হচ্ছে কয়েক দিনের মধ্যে স্বাস্থ্যনীতি ঘোষণা করা হচ্ছে। এ মুহূর্তেই এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়া হলে স্বাস্থ্যনীতি ঘোষণার ক্ষেত্রে ব্যাঘাতের সৃষ্টি হবে। শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগ এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে সৃষ্ট সমস্যা নিয়ে আলোচনার জন্য আজ বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এক বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।